জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয় : ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক : ৫৩.১৯.৯০০১.০০৩.০১.০০০.২১- ৪৭ তারিখ : ১৬-০২-২০২১ খ্রিঃ

বিষয়: জাতীয় বীমা দিবস, ২০২১ উদযাপন উপলক্ষে গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী।

জীবন বীমা কর্পোরেশনের পক্ষে হতে জাতীয় বীমা দিবস, ২০২১ সফলভাবে উদযাপনের লক্ষ্যে সার্বিক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ এবং অনুশাসন প্রদানের নিমিত্তে প্রধান কার্যালয়ের এক্সিকিউটিভ কনফারেন্স রুমে কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

সভার সভাপতি : জনাব মোঃ আনোয়ার হোসেন, ম্যানেজিং ডাইরেক্টর (অ:দা:)
তারিখ : ১১-০২-২০২১ খ্রি:, সময়: সকাল ১১.৩০ মি.

সভায় কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন (উপস্থিতির তালিকা সংযুক্ত)। সভায় মুজিব বর্ষে জাতীয় বীমা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কর্মসূচীসমূহ যথাযথভাবে পালনের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১.১ অফিস আলোক সজ্জা করণ: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক ঢাকা জেলার সাভার উপজেলায় এবং রংপুর বিভাগীয় শহরে বীমা দিবসের কর্মসূচী পালনের জন্য জীবন বীমা কর্পোরেশনকে নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান হিসেবে মনোনীত করায় সাভার সেলস অফিস ও রংপুর রিজিওনাল অফিসে আলোক সজ্জা করতে হবে। উক্ত অফিসদ্বয় আলোক সজ্জাকরণের ব্যবস্থা গ্রহণ করবে।

১.২ ঢাকা রিজিওনাল অফিস, মতিঝিলস্থ টাওয়ার ভবন এবং প্রধান কার্যালয় ২৭/০২/২০২১ খ্রিঃ তারিখ বিকাল থেকে ০২/০৩/২০২১ খ্রিঃ ভোর পর্যন্ত আলোক সজ্জাকরণের জন্য প্রধান কার্যালয়ের ই/ই ডিভিশন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।

১.৩ বীমা বিষয়ে প্রচারণা ও জনগণের দৃষ্টি আকর্ষণের জন্য কর্পোরশনের প্রধান কার্যালয়সহ সকল অফিসের কর্মকর্তা-কর্মচারী, উন্নয়ন অফিসার, উন্নয়ন ম্যানেজারগণ স্ব-স্ব অফিসের সম্মুখে ব্যানার, ফ্যাস্টুন, পোষ্টার ইত্যাদি নিয়ে স্বাস্থ্যবিধি মেনে অবস্থান করবে।

১.৪ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রদত্ত নমুনা অনুযায়ী প্রধান কার্যালয়ের সংস্থাপন বিভাগ ব্যানার, পোস্টার ও ফ্যাস্টুন তৈরি করবে।

১.৫ রিজিওনাল অফিসসমূহ নিজস্ব আর্থিক ক্ষমতায় জাতীয় বীমা দিবস ও সেবাপক্ষ পালনের জন্য ব্যানার তৈরিসহ অন্যান্য বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। রিজিওনাল অফিসের ক্ষমতা অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে প্রধান কার্যালয়ের অনুমোদন গ্রহণ করবে। কর্পোরেট, সেলস ও স্বতন্ত্র শাখা অফিসের জন্য ০২টি ব্যানার (০১টি সেবা পক্ষ ও ০১টি বীমা দিবসের জন্য) বাবদ ৬০০/- টাকা করে ১২০০/- টাকা রিজিওনাল অফিস অনুমোদন প্রদান করবে। সাভার সেলস অফিস বীমা দিবসের খরচের বরাদ্দের অনুমোদন ঢাকা রিজিওনাল অফিস প্রদান করবে।

১.৬ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্ধারিত নমুনা মোতাবেক সংস্থাপন বিভাগ টি-শার্ট, ক্যাপ ও মাস্ক তৈরি করার ব্যবস্থা করবে এবং উন্নয়ন ডিভিশনের সহায়তায় নিম্নে বর্ণিত বিবরণ অনুযায়ী বিতরণ করবে:

| ক্রমিক | অফিসের নাম | বরাদ্দকৃত টি-শার্ট, ক্যাপ ও মাস্ক এর সংখ্যা | মোট বরাদ্দকৃত সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | প্রধান কার্যালয় | ৩৫০ টি | ৩৫০ টি |

# জীবন বীমা কর্পোরেশন

**(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)**

**প্রধান কার্যালয় : ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।**

| | | | |
|---|---|---|---|
| ০২ | ঢাকা রিজিওনাল অফিস | ২০০ টি | ২০০ টি |
| ০৩ | রিজিওনাল অফিস ০৭টি | (৫০×৭) টি | ৩৫০ টি |
| ০৪ | কর্পোরেট সেবা দপ্তর ১২টি | (১২×১০) টি | ১২০ টি |
| ০৫ | সেলস অফিস ৮১ টি | (৮১×২০) টি | ১৬২০ টি |
| ০৬ | জেলা পর্যায়ের শাখা অফিস (যেখানে সেলস অফিস নাই) | (১১×২০) টি | ২২০ টি |
| ০৭ | রংপুর রিজিওনাল অফিস ও সাভার সেলস অফিসের জন্য অতিরিক্ত বরাদ্দ | (৩০+২০) টি | ৫০ টি |
| | **মোট-** | | **২৯১০ টি** |

১.৭ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ থেকে সংগৃহীত ১ম জাতীয় বীমা দিবসে প্রধান মন্ত্রীর বীমা বিষয়ক বক্তৃতা ও বীমা বিষয়ক সংগীত সকল অফিসের সম্মুখে স্ব-স্ব অফিস প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে প্রকৃত ব্যয়ের অনুমোদন স্ব-স্ব রিজিওনাল অফিস প্রদান করবে।

১.৮ প্রধান কার্যালয়ে বীমা দিবসের ০১টি কাউন্ট ডাউন ঘড়ি ও বিভিন্ন সেবা সংক্রান্ত ডিজিটাল স্ক্রীন স্থাপন আইসিটি ডিভিশনের সহায়তায় ই/ই ডিভিশন বাস্তবায়ন করবে।

১.৯ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত বীমা মেলায় অংশগ্রহণ। মেলায় ষ্টল সজ্জিত করণের যাবতীয় কাজ ই/ই ডিভিশন সম্পন্ন করবে। আইসিটি ডিভিশন মেলায় প্রয়োজনীয় মেটারিয়ালের মাধ্যমে বীমা বিষয়ক তথ্যাবলী প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে।

১.১০ মুজিব বর্ষে বীমা শিল্পে বঙ্গবন্ধুর গৌরবময় স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ১ মার্চ থেকে ১৭ মার্চ পর্যন্ত সময়কে বীমা "সেবাপক্ষ" হিসেবে পালনের সিদ্ধান্ত নিয়েছে। সেবাপক্ষ পালনে কি কি সেবা সেবা প্রদান করা হবে তা বিস্তারিতভাবে উল্লেখ করে সুন্দর ডিজাইনের মেটার তৈরীপূর্বক কয়েকটি জাতীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রদানের বিষয়ে জনসংযোগ বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে টি/এ ডিভিশন জনসংযোগ বিভাগকে সহায়তা করবে।

১.১১ বীমা দিবস পালনের জন্য গঠিত কমিটিতে কাজের সুবিধার্থে জেনারেল ম্যানেজার, ই/ই ডিভিশন এবং ম্যানেজার বোর্ড সেক্রেটারীকে অন্তর্ভূক্তকরণের সিদ্ধান্ত হয়।

আলোচনার জন্য অন্য কোন বিষয় উত্থাপন না হওয়ায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আনোয়ার হোসেন)
ম্যানেজিং ডাইরেক্টর (অ: দা:)
ও
আহবায়ক
বীমা দিবস উদযাপন কমিটি ২০২১।

**বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য-**

০১। জেনারেল ম্যানেজার (সকল), ,প্রধান কার্যালয়, ঢাকা।
০২। রিজিওনাল ইনচার্জ (সকল)-
০৩। জাতীয় বীমা দিবস উদযাপন কমিটি (সকল সদস্যবৃন্দ)-

০৪। ম্যানেজার ও বোর্ড সেক্রেটারী, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। ডেপুটি ম্যানেজার-ইনচার্জ, সভার সেলস অফিস-৯৭, ঢাকা।
০৬। ডেপুটি ম্যানেজার (পিএস টু এমডি), জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সহকারী ম্যানেজার (পিও টু চেয়ারম্যান), জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। সংশ্লিষ্ট নথি।
০৯। মহা নথি।

১৬.০২.২১
(মোঃ ভিখারুল আলম)
ম্যানেজার- উন্নয়ন
ও
সদস্য সচিব
বীমা দিবস উদযাপন কমিটি-২০২১